

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজেদ হোসেন মাসিক মিয়া

বিশ্ববিদ্যালয় অস্থিতিশীল করার অপপ্রয়াস সহ্য করা হবে না —টাবি উপাচার্য

 বিশ্ববিদ্যালয় রিপোর্টার  ০৩ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মিঃ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে অস্থিতিশীল করার কোনোরকম অপপ্রয়াস সহ্য করা হবে না। গত রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। কোটা প্রসঙ্গে উপাচার্য বলেন, প্রধানমন্ত্রী কোটা নিয়ে সুস্পষ্টভাবে অনেকগুলো কথা বলেছেন। আশা করি সে বিষয়ে কোনো বিভ্রান্তি থাকবে না। আমাদের মনে রাখতে হবে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে কোনো রকম অস্থিতিশীল পরিবেশের প্রথম এবং প্রধান শিকার হয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং তার পরিবার। এজন্য শিক্ষার্থী এবং তাদের পরিবারকে আহ্বান জানাব, যেকোনো অপ্রীতিকর পরিবেশের সাথে যেন কেউ যুক্ত না হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ইতিহাসের প্রতিপর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাম অবিস্মরণীয় হয়ে রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় তার লক্ষ্য উদ্দেশ্যে অর্জনে সক্ষম হয়েছে। গত রবিবার বেলা ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন সংলগ্ন মলচত্বরে বিশ্ববিদ্যালয়ের ৯৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান এ কথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মুহাম্মদ সামাদ, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরীন আহমাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামাল উদ্দিন, টাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সাবেক উপাচার্য অধ্যাপক ড. এমাজউদ্দিন আহমেদ প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত